কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়
অস্থায়ী ক্যাম্পাস (গুরুদয়াল সরকারী কলেজ)
web: www.kiu.ac.bd
ফোন: ০২৯৯৮৮৩২২২১

স্মারক নম্বর-কিবি/ভর্তি নোটিশ/২০২৪-২৫/ ৪৭৩

তারিখ : ১৪ শ্রাবণ, ১৪৩২ বঙ্গাব্দ
৩০ জুলাই, ২০২৫ খ্রি.

## ২০২৪-২৫ শিক্ষাবর্ষে ৪ (চার) বছর মেয়াদী ১ম বর্ষ স্নাতক প্রোগ্রামে চূড়ান্ত ভর্তির নোটিশ

কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়-এ ২০২৪-২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক শ্রেণীতে যে সকল শিক্ষার্থী তাদের পছন্দক্রম ও মেধাক্রম অনুযায়ী বিষয়প্রাপ্ত হয়ে A, B, এবং C ইউনিট-এ প্রাথমিক ভর্তি নিশ্চায়ন করেছে, তাদেরকে আগামী **০৩-০৮-২০২৫ তারিখ হতে ০৭-০৮-২০২৫ তারিখ** (০৫-০৮-২০২৫ তারিখ মঙ্গলবার সরকারি ছুটি ব্যতীত) সকাল **১০.০০ টা থেকে বিকাল ৫.০০** টার মধ্যে চূড়ান্ত ভর্তি সম্পন্ন করার জন্য বলা যাচ্ছে।

উক্ত সময়ের মাঝে শিক্ষার্থীদেরকে **অবশিষ্ট ফি (নিচের ছক অনুযায়ী)** অনলাইনে (https://admission.kiu.ac.bd/ ওয়েবসাইটে লগইন করে) প্রদান করে নিম্নউল্লিখিত ডকুমেন্টসসহ নিম্নের ঠিকানায় সশরীরে উপস্থিত হয়ে চূড়ান্ত ভর্তি সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, উক্ত সময়ের মধ্যে কোনো শিক্ষার্থী চূড়ান্ত ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে ব্যর্থ হলে, তার ভর্তি বাতিল বলে গণ্য হবে।

### ভর্তির জন্য আবশ্যক ডকুমেন্টস

১। মূল নম্বরপত্র (SSC এবং HSC-এর)
২। **অবশিষ্ট ফি** প্রদান করার পর প্রাপ্ত Payment Slip (অনলাইন থেকে পাওয়া যাবে) (২ কপি রঙিন প্রিন্ট করে আনতে হবে)
৩। GST-র মূল প্রবেশপত্র
৪। GST-তে প্রাথমিক ভর্তি নিশ্চায়নের Applicant Copy অথবা Transferred Applicant Copy (SSC, HSC -এর মূল নম্বরপত্র Transfer করে থাকলে)

### ভর্তি ফি সংক্রান্ত বিস্তারিত তথ্য

| বিভাগের নাম | মোট ফির পরিমাণ | প্রাথমিক ভর্তি প্রক্রিয়া সম্পন্নকরণ ফি | অবশিষ্ট ফির পরিমাণ (SSLCOMMERZ এর চার্জ ব্যতীত) |
|---|---|---|---|
| ইংরেজি বিভাগ | ৭,৫০০.০০ | ৫০০০.০০ | ২,৫০০.০০ |
| গণিত বিভাগ | ৯,০০০.০০ | | ৪,০০০.০০ |
| হিসাববিজ্ঞান বিভাগ | ৭,৫০০.০০ | | ২,৫০০.০০ |
| সিএসই বিভাগ | ৯,০০০.০০ | | ৪,০০০.০০ |

- এছাড়াও, ভর্তির সময় নিজ বিভাগীয় অফিসে বিভাগ উন্নয়ন ফি (৫০০/- মাত্র) সরাসরি ক্যাশ জমা দিয়ে ভর্তি সম্পন্ন করতে হবে।

**ঠিকানা:** কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়, কিশোরগঞ্জ-২৩০০ (অস্থায়ী ক্যাম্পাস: গুরুদয়াল সরকারি কলেজ)।

উপাচার্য মহোদয়ের আদেশক্রমে,

৩০/০৭/২০২৫

নায়লা ইয়াসমিন
রেজিস্ট্রার, কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়
মোবাইলঃ ০২৯৯৮৮৩২২২১

কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়
অস্থায়ী ক্যাম্পাস (গুরুদয়াল সরকারী কলেজ)
web: www.kiu.ac.bd
ফোন: ০২৯৯৮৮৩২২২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অধ্যাপক ড. মোঃ সফিকুল ইসলাম, উপ-উপাচার্য, কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়
২. অধ্যাপক মো. ইমান আলী, ট্রেজারার, কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়
৩. উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়
(মাননীয় উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪-৭. চেয়ারম্যান, সকল বিভাগ, কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়
৮. পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত) , কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়
৯. অর্থ ও হিসাব দপ্তর, কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়
১০. নোটিশ বোর্ড
১১. অফিস কপি।


# কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়ে চূড়ান্ত ভর্তির জন্য অনলাইন পোর্টালে অবশিষ্ট ফি প্রদানের নিয়মাবলী

# STEP-1

প্রথমে কম্পিউটার বা মোবাইল এর যেকোনো ব্রাউজার থেকে নিম্নোক্ত ওয়েবসাইটে ভিজিট করতে হবে।


## admission.kiu.ac.bd

এবং সেখান থেকে Login for Final Admission বাটনে ক্লিক করতে হবে।




# STEP-2

GST হতে প্রদত্ত Applicant ID এবং Password দিয়ে লগইন করতে হবে।




# STEP-3

লগইন সফল হলে Address & Others অপশনে যেতে হবে




# STEP-4

সকল তথ্য ইংরেজিতে সঠিকভাবে পূরণ করে নিচে থাকা Update বাটনটি ক্লিক করতে হবে।




# STEP-5

Address & Others পূরণের পর Payment অপশনে ক্লিক করতে হবে।



# STEP-6


Pay Now বাটনে ক্লিক করলে SSLCommerz এর পেমেন্ট গেটওয়ের পোর্টালে চলে যাবে এবং সেখান থেকে সুবিধামত ব্যাংকিং এর মাধ্যম পছন্দ করে অনলাইনে পেমেন্ট সম্পন্ন করতে হবে।



# STEP-7

পেমেন্ট সফল হলে Status এ Paid দেখাবে। যদি পেমেন্ট করার পরেও কোনো কারণে Paid না দেখায় তাহলে নিম্নোক্ত নম্বরে যোগাযোগ করতে হবে:

**01716033198**



# STEP-8

সবশেষে Payment Slip অপশনে ক্লিক করে পেমেন্ট স্লিপটি পিডিএফ আকারে পাওয়া যাবে। চূড়ান্ত ভর্তির কাগজ জমা দেওয়ার সময় স্লিপটি ২ কপি রঙিন প্রিন্ট করে সাথে আনতে হবে।

